দৈনিক সংবাদ

MAR. 10 2002

তারিখ ...

পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# এবারো মির্জাপুরের ৫ শতাধিক দাখিল পরীক্ষার্থীকে চরম দুর্ভোগ পোহাতে হবে

মির্জাপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হওয়া সত্ত্বেও মির্জাপুরে দাখিল পরীক্ষা কেন্দ্র না থাকায় ৫ শতাধিক পরীক্ষার্থীকে এবারও চরম দুর্ভোগের শিকার হতে হবে। আগামী ১৪ই মার্চ এই পরীক্ষা শুরু হতে যাচ্ছে।

সূত্র জানায়, মির্জাপুরে ১৪টি দাখিল মাদ্রাসা থেকে ৬ শতাধিক ছাত্রছাত্রী ২০০২ সালে দাখিল পরীক্ষা দেয়ার লক্ষ্যে রেজিস্ট্রেশন করে। মির্জাপুরে কেন্দ্র না থাকায় ২০/৩০ কি. মি. দূরে দেলদুয়ার, বাসাইল ও সখীপুর উপজেলায় গিয়ে তাদের পরীক্ষা দিতে হয়। ফলে অভিভাবকসহ ছাত্রছাত্রীদের প্রতিবারই পোহাতে হয় চরম দুর্ভোগ। বহু আবেদন-নিবেদনের পরও মির্জাপুরে দাখিল পরীক্ষার কেন্দ্র স্থাপন করা হয়নি। শিক্ষক সমিতির সভাপতি আজিজুর রহমান গত ৫ই মার্চ 'সংবাদ'-কে জানান, রহস্যজনক কারণে দাখিল পরীক্ষা কেন্দ্র মির্জাপুরে হচ্ছে না। ফলে চরম হতাশার শিকার হয়েছেন পরীক্ষার্থী ও অভিভাবকরা।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা আয়াত উল্লাহ মজুমদারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তবে সহকারী কমিশনার (ভূমি) এই সংবাদদাতাকে জানান, তিনি এ বিষয়ে কিছুই জানেন না।

শেষ মুহূর্তে পরীক্ষার্থী ও অভিভাবকরা মাদ্রাসা বোর্ড, শিক্ষামন্ত্রী, শিক্ষা বোর্ড এবং প্রশাসন বরাবর ১৪ই মার্চের মধ্যে মির্জাপুরে দাখিল পরীক্ষার কেন্দ্র স্থাপন করার পুনঃ আবেদন জানিয়েছেন।